# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ আকীদা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

কিছু কিছু মানুষ তাদের ধন-সম্পদ, সহায়-সম্পত্তি নেককার ব্যক্তিদের কবরের কাছে আমানত রাখে। তাদের বিশ্বাস হচ্ছে- এই নেককার ব্যক্তিগণ তাদের সম্পদগুলো পাহারা দিবে। ফলে তাদের ধন-সম্পদ চুরি হবে না, ছিনতাই হবে না এবং কেউ আত্মসাৎ করতে পারবে না।

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

মৃতব্যক্তিদের কবরের উপরে যে সম্পদগুলো আমানত রাখা হয় তারা এই সম্পদগুলোর রক্ষণাবেক্ষণ করেন এ ধরনের বিশ্বাস সুস্পষ্ট কুফরি ও আল্লাহর রুবুবিয়্যাতের মধ্যে শিরক (অংশীদার) স্থাপন। এই বিশ্বাস নিয়ে যে ব্যক্তি মারা যাবে তার পরিণতি চিরস্থায়ী জাহান্নাম।

এই বিশ্বাস ছাড়া নিছক রক্ষণাবেক্ষণের জন্য অথবা বরকতের জন্য কবরের উপর ধন-সম্পদ রাখাও নাজায়েয। আল্লাহই ভাল জানেন।

আল্লাহই উত্তম তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার-পরিজন ও সঙ্গি-সাথীদের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।
স্থায়ী কমিটির ফতোয়া সংকলন, খণ্ড-৩, পৃষ্ঠা-৬৮

## ফুটনোট

http://islamqa.info/bn/11998

Source — https://www.hadithbd.com/books/link/?id=2334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন